প্রথম আলো

তারিখ 20 FEB 2018
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক সমাপনীর সব প্রশ্ন হবে যোগ্যতাভিত্তিক

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

চলতি বছরের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা থেকে প্রতিটি বিষয়ে শতভাগ যোগ্যতাভিত্তিক প্রশ্ন করা হবে। প্রাথমিক স্তরে এই পদ্ধতির প্রশ্নকাঠামোকে কাঠামোবদ্ধ প্রশ্নপত্র হিসেবে ডাকা হয়। অনেকে এটিকে সৃজনশীল প্রশ্নও বলেন। কারণ, কাঠামোবদ্ধ প্রশ্নই মাধ্যমিক স্তরে সৃজনশীল নামে চলছে।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন করে গত রোববার আদেশ জারি করেছে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)। আদেশে প্রতিটি বিষয়ের প্রশ্নের ধরন ও নম্বর কী হবে, তা উল্লেখ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের দায়িত্বে রয়েছে নেপ। আদেশটি নেপের ওয়েবসাইটেও দেওয়া হয়েছে।

প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন-সংক্রান্ত আদেশ পর্যালোচনা করে দেখা যায়, যোগ্যতাভিত্তিক প্রশ্ন বাড়লেও পরীক্ষার সময় আগের মতোই আড়াই ঘণ্টা রাখা হয়েছে। প্রতিবছর নভেম্বরে অনুষ্ঠিত হয় প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা। সমাপনীতে ছয়টি বিষয়ের পরীক্ষা হয়।

২০০৯ সাল থেকে প্রাথমিক শিক্ষা সমাপনী নামে নতুন এই পাবলিক পরীক্ষা শুরু হয়। ২০১২ সালে এই পরীক্ষায় প্রথমবারের মতো ১০ শতাংশ যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্র চালু করা হয়। ২০১৩ সালে যোগ্যতাভিত্তিক প্রশ্ন ছিল ২৫ শতাংশ। ২০১৪ সালে করা হয় ৩৫ শতাংশ। এভাবে বাড়তে বাড়তে এবার পুরো প্রশ্নপত্রই হচ্ছে যোগ্যতাভিত্তিক। এই পদ্ধতির প্রশ্নে শিক্ষার্থীদের বুদ্ধি খাটিয়ে প্রশ্নের উত্তর দেওয়ার কথা। কারণ পাঠ্যবইয়ে কিছু প্রশ্নের সরাসরি উত্তর নেই।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে

স্বাক্ষর